# অ্যান্ড্রয়েড ফোনের ৭ গুরুত্বপূর্ণ অ্যাপ্লিকেশন


মো. আমিনুল ইসলাম সজীব

সার্চ জায়ান্ট গুগল মোবাইল ফোনের জন্য অ্যান্ড্রয়েড নামের অপারেটিং সিস্টেম তৈরি করে স্মার্টফোনের জগতে ব্যাপক আলোড়ন সৃষ্টি করে। বর্তমানে স্মার্টফোন জগতে এক নম্বর অবস্থানে রয়েছে গুগলের অ্যান্ড্রয়েড অপারেটিং সিস্টেম। এরপর রয়েছে আইওএস- যা অ্যাপল আইফোনে ব্যবহার হয়, সিমবিয়ান, ব্ল্যাকবেরি ইত্যাদি।

দেশের বাজারে স্যামসাং, সনি এরিকসনসহ বেশ কিছু কোম্পানির অ্যান্ড্রয়েড স্মার্টফোন রয়েছে। এটি অনেকটা কমপিউটারের মতোই কাজ করে। কমপিউটারে যেমন পছন্দসই ব্র্যান্ড দেখে কিনে তাতে অপারেটিং সিস্টেম উইন্ডোজের যেকোনো সংস্করণ কিংবা লিনআক্স ইনস্টল করা যায়, স্মার্টফোনগুলোতেও তেমনি অ্যান্ড্রয়েড ইনস্টল করে ব্যবহার করা যায়। তবে এখন পর্যন্ত অ্যান্ড্রয়েড উপযোগী স্মার্টফোনে অন্য কোনো অপারেটিং সিস্টেম ইনস্টল করা যায়নি। সম্প্রতি মজিলা ফাউন্ডেশন জানিয়েছে তারা একটি স্মার্টফোন অপারেটিং সিস্টেম তৈরি করতে যাচ্ছে যা অ্যান্ড্রয়েড উপযোগী মোবাইলে ইনস্টল করা যাবে এবং যেটি অ্যান্ড্রয়েড ও আইওএসের সাথে প্রতিযোগিতা করবে।

জনপ্রিয়তার দিক দিয়ে আইফোন ওপরে থাকলেও অপারেটিং সিস্টেমের ওপর ভিত্তি করে সম্প্রতি পরিচালিত এক জরিপে দেখা গেছে অ্যান্ড্রয়েড জনপ্রিয়তার শীর্ষে রয়েছে। এটি জনপ্রিয়তার শীর্ষে থাকার অন্যতম কারণ হচ্ছে- এটি ওপেন সোর্স এবং এর জন্য প্রচুর বিনামূল্যের অ্যাপ্লিকেশন পাওয়া যায়। ব্যবহারকারী চাইলেই এটিকে নিজের মতো করে সাজিয়ে নিতে পারেন এবং উন্নতি করতে পারেন। অ্যান্ড্রয়েড মার্কেট থেকে বিনামূল্যে ডাউনলোডযোগ্য এসব অ্যাপ্লিকেশনের মধ্য থেকে ৭টি বিশেষ অ্যাপ্লিকেশন নিয়ে আলোচনা করা হয়েছে।


## অ্যাডভান্সড ইংলিশ ডিকশনারি




এটি মূলত ইংলিশ টু ইংলিশ ডিকশনারি। ইংরেজি শব্দের সমার্থক শব্দ, সংজ্ঞা, বিপরীত শব্দ, ব্যবহার ইত্যাদি জানতে অ্যাডভান্স ইংলিশ ডিকশনারি একটি জনপ্রিয় অ্যাপ্লিকেশন। ইংরেজি শিখতে আগ্রহী কিংবা অফিসিয়াল কাজে ইংরেজি ব্যবহারের সময় মোবাইল ফোনে থাকা এই অ্যাপ্লিকেশনটি সহজেই আপনাকে বিভিন্ন ইংরেজি শব্দের যথাযথ ব্যবহার বলে দিতে পারে। এই অ্যাপ্লিকেশনটির বিশেষত্ব হচ্ছে এটি ইন্টারনেট ছাড়াই কাজ করে। বেশিরভাগ ডিকশনারিই শব্দ খোঁজার সময় ইন্টারনেটের সাথে যুক্ত থাকতে হয়। কিন্তু এই অ্যাপ্লিকেশন একবার ডাউনলোড করে নিলেই যথেষ্ট, এরপর যেকোনো সময় ইন্টারনেট সংযোগ ছাড়াই ডিকশনারিতে শব্দ খোঁজা যাবে।

ডাউনলোড লিঙ্ক : https://market.android.com/details?id=com.mobisystems.msdict.embedded.wireless.wordnet

## কম্পাস



দিক নির্ণয়ের জন্য একসময় মানুষকে নির্ভর করতে হতো সূর্য অথবা তারার ওপর। কিন্তু আধুনিক যেসব প্রযুক্তি মানুষের দিক নির্ণয়ের অসুবিধাকে দূর করে দিয়েছে তার মধ্যে কম্পাস অন্যতম। ইদানীং কম্পাসের ব্যবহার খুব একটা দেখা না গেলেও সময়ে-অসময়ে দিক নির্ণয়ের প্রয়োজন হওয়াটা অস্বাভাবিক কিছু নয়। আর ঠিক দরকারের সময়ই আপনার প্রিয় মোবাইল ফোনটি যদি কম্পাসের কাজ করে দেয়, তাহলে নিশ্চয়ই মন্দ হবে না।

মোবাইল ফোনকে কম্পাস হিসেবে ব্যবহার করার জন্য মোবাইলের সাথে আলাদা করে কম্পাস লাগানোর প্রয়োজন নেই, অ্যান্ড্রয়েডচালিত হ্যান্ডসেটের জন্য কম্পাস নামের এই অ্যাপ্লিকেশনটি ডাউনলোড করে নিলেই আপনার মোবাইলের পর্দায় ভেসে উঠবে কম্পাস। এই কম্পাস সঠিকভাবে পূর্ব-পশ্চিম এবং উত্তর-দক্ষিণ দিক তো দেখাবেই, উপরন্তু আপনার ভৌগোলিক অবস্থান ল্যাটিচিউড এবং লংগিচিউড হিসেবেও দেখাবে একদম কাঁটায় কাঁটায়। নতুন কোনো শহরে, গ্রামে বা প্রত্যন্ত অঞ্চলে গেলে স্মার্টফোনের এই কম্পাসটি দারুণ কাজে দেবে।

ডাউনলোড লিঙ্ক : https://market.android.com/details?id=com.apksoftware.compass

## ড্রপবক্স

ইন্টারনেট ব্যবহারকারীদের অনেকেই হয়তো ড্রপবক্সের নাম শুনে থাকবেন। এটি একটি সফটওয়্যার যা আপনার কমপিউটারে নতুন একটি ভার্চুয়াল হার্ডড্রাইভের সৃষ্টি করে। এই হার্ডড্রাইভে যেসব ফাইল রাখবেন তা আপনার লোকাল কমপিউটারে ছাড়াও ক্লাউডে অর্থাৎ ইন্টারনেটে আপলোড ও জমা হবে। এতে করে জরুরি ফাইলগুলো একাধিক কমপিউটারে একই সাথে পেতে পারবেন। এই কাজের জন্য ড্রপবক্স তুমুল জনপ্রিয় একটি সেবা। তবে মোবাইল থেকে ফোন নাম্বার, ছবি, গান ইত্যাদি কমপিউটারে ট্রান্সফার করতে ডাটা ক্যাবলের পরিবর্তে ড্রপবক্সের এই অ্যাপ্লিকেশনও ব্যবহার করতে পারেন। ফলে আপনার তথ্যাদি একই সাথে কমপিউটারে ও মোবাইল ফোনে জমা থাকবে। তবে এখানে উল্লেখযোগ্য, ড্রপবক্স ব্যবহার করার সময় ইন্টারনেট ব্যবহার হতে থাকে। তাই বড় আকারের ফাইলের ক্ষেত্রে ড্রপবক্স ব্যবহার না করাই ভালো। কেননা এতে করে ইন্টারনেট খরচ বেড়ে যাবে। শুধু ছোট আকারের ছবি বা টেক্সট ফাইল ট্রান্সফার এবং সিনক্রোনাইজড রাখার কাজেই ড্রপবক্স ব্যবহার করা শ্রেয়।

ডাউনলোড লিঙ্ক : https://market.android.com/details?id=com.dropbox.android

## গুগল ট্রান্সলেটর




গুগল ট্রান্সলেটরের নাম হয়তো অনেকেই শুনে থাকবেন। গুগলের এই টুলটি ব্যবহার করে বেশ কিছু সাধারণ ভাষায় শব্দ বা বাক্য অনুবাদ করা যায়। সম্প্রতি পরীক্ষামূলকভাবে বাংলা ভাষাও যোগ হয়েছে গুগল ট্রান্সলেটরে। এতে ১০০ ভাগ সঠিক অনুবাদ পাওয়া না গেলেও কিছুটা ধারণা পাওয়া যায় নির্দিষ্ট কোনো শব্দের বা বাক্যের অর্থ কী হতে পারে। গুগল ট্রান্সলেটর অ্যাপ্লিকেশনটি ব্যবহার করে শুধু অভিধানের প্রয়োজনও ফুরিয়ে নিতে পারবেন। এছাড়াও হঠাৎই কখনো জার্মান ভাষায় কাউকে ধন্যবাদ জানানোর প্রয়োজন পড়লে এই অ্যাপ্লিকেশনটি বেশ কাজে দেবে।

ডাউনলোড লিঙ্ক : https://market.android.com/details?id=com.google.android.apps.translate

## ম্যাপস


এটিও গুগলের তৈরি একটি বৈপ্লবিক সেবা। পৃথিবীর যেখানেই থাকুন না কেন, এমনকি এই বাংলাদেশের প্রতিটি রাস্তার নাম, মানচিত্র এবং স্যাটেলাইট ছবি দেখতে পারবেন গুগল ম্যাপস ব্যবহার করে। আপনার অ্যান্ড্রয়েডে এটি ইনস্টল করে রাখলে নতুন কোথাও গেলে রাস্তা চিনতে কাজে আসতে পারে যেকোনো সময়। এছাড়া ঘরে বসে পৃথিবী ভ্রমণের ক্ষেত্রেও অ্যাপ্লিকেশনটি ▶

খারাপ নয়। কেননা এতে রয়েছে স্ট্রিট ভিউ সুবিধা, যা দিয়ে যুক্তরাষ্ট্রসহ বেশ কিছু দেশের রাস্তাঘাটের ছবি এমনভাবেই দেখতে পাবেন যেন আপনিই সেখানে হাঁটছেন।

এই অ্যাপ্লিকেশনটিও ইন্টারনেট থেকে তথ্য ডাউনলোড করে। তাই এটি ব্যবহারের সময় আনলিমিটেড ডাটা প্ল্যান অথবা ওয়াই-ফাই প্ল্যানে যুক্ত থাকলে অতিরিক্ত ইন্টারনেট খরচ বাঁচানো সম্ভব।

ডাউনলোড লিঙ্ক : https://market.android.com/details?id=com.google.android.apps.maps

## পাওয়ার কন্ট্রোল উইজেট



ওয়্যারলেস কানেকশন চালু বা বন্ধ করা, নেটওয়ার্ক কানেকশন বন্ধ করা, ওয়াই-ফাই, জিপিএস, ব্লুটুথ, সিনক্রোনাইজেশন ইত্যাদি কাজ ডিফল্ট অবস্থায় সব অ্যান্ড্রয়েড সেটেই বেশ সহজ। তবে যারা সহজতর উপায় খুঁজছেন, তাদের জন্যই পাওয়ার কন্ট্রোল উইজেট। এটি সবকিছু একসাথে আপনার স্ক্রিনে এনে দেবে, ফলে আলতো চাপের (ট্যাপ) মাধ্যমেই আপনি জরুরি প্রায় সব কাজ সারতে পারবেন দ্রুততম সময়ে। এই অ্যাপ্লিকেশনটির বিনামূল্যের ও পেইড দুটি সংস্করণ রয়েছে। তবে বিনামূল্যের সংস্করণটি দিয়ে ভালোভাবেই কাজ চালিয়ে নেয়া যায়।

ডাউনলোড লিঙ্ক : https://market.android.com/details?id=at.abraxas.powerwidget.free

## পালস নিউজ

পালস নিউজ কোনো সংবাদ সংস্থার নাম নয়, বরং এটি এমন একটি অ্যাপ্লিকেশন যেটি ব্যবহার করে আপনি পছন্দসই সংবাদ সংস্থার সোর্স (লিঙ্ক) যোগ করে রাখতে পারবেন। বিষয়ভিত্তিক অনুসারে সাজিয়ে রাখলে পরবর্তী যেকোনো সময়ে এই অ্যাপ্লিকেশন খুললেই আপনার পছন্দের সংবাদমাধ্যমের সর্বশেষ সংবাদগুলো সাজানো অবস্থায় পেয়ে যাবেন পালস নিউজে। যারা সবসময়ই খবরের সাথে আপডেটেড থাকতে চান, আবার এসএমএসে বাড়তি টাকা খরচ করতে চান না, তাদের জন্য দারুণ একটি অ্যাপ্লিকেশন এই পালস নিউজ।

ডাউনলোড লিঙ্ক : https://market.android.com/details?id=com.alphonso.pulse

অ্যান্ড্রয়েড মার্কেটে খুঁজলে বিভাগ বা ক্যাটাগরি অনুসারে আরো হাজার হাজার বিনামূল্যে ব্যবহারযোগ্য অ্যাপ্লিকেশন পাবেন। তবে যেকোনো অ্যাপ্লিকেশন ডাউনলোড করার আগে ইন্টারনেটে সার্চ করে সেই অ্যাপ্লিকেশন সম্পর্কে ব্যবহারকারীদের মতামত বা রিভিউ পড়ে নেয়া ভালো। কেননা অ্যান্ড্রয়েড মার্কেটে অনুমোদন ছাড়াই অ্যাপ্লিকেশন ছেড়ে দেয়া যায় বলে প্রায়ই ক্ষতিকর অ্যাপ্লিকেশন পাওয়া যেতে পারে অ্যান্ড্রয়েড মার্কেটে। তবে এর হার সম্প্রতি অনেক কমে এসেছে। তবুও যখন-তখন অ্যাপ্লিকেশন ইনস্টল না করাই নিরাপদ থাকার শ্রেষ্ঠ উপায়।

ফিডব্যাক : sujib@aixjournal.com

**কমপিউটার জগৎ-এ প্রকাশিত**

যেকোনো লেখা সম্পর্কে আপনার সুচিন্তিত মতামত লিখে পাঠান। আপনার মতামত '৩য় মত' বিভাগে আমরা তুলে ধরার চেষ্টা করব।

**মাসিক কমপিউটার জগৎ**

কক্ষ নম্বর-১১, বিসিএস কমপিউটার সিটি
রোকেয়া সরণি, আগারগাঁও, ঢাকা-১২০৭
ই-মেইল : jagat@comjagat.com